আসমা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, একজন মহিলা বলল, ‘ইয়া রাসূলুল্লাহ! আমার এক সতীন আছে, সুতরাং স্বামী আমাকে যা দেয় না, তা নিয়ে যদি পরিতৃপ্তি প্রকাশ করি, তাতে আমার কোন ক্ষতি হবে কি?’ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “যা দেওয়া হয়নি, তা নিয়ে পরিতৃপ্তি প্রকাশকারী মিথ্যা দুই বস্ত্র পরিধানকারীর ন্যায়।”

আসমা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, একজন মহিলা বলল, ‘ইয়া রাসূলুল্লাহ! আমার এক সতীন আছে, সুতরাং স্বামী আমাকে যা দেয় না, তা নিয়ে যদি পরিতৃপ্তি প্রকাশ করি, তাতে আমার
কোন ক্ষতি হবে কি?’ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “যা দেওয়া হয়নি, তা নিয়ে পরিতৃপ্তি প্রকাশকারী মিথ্যা দুই বস্ত্র পরিধানকারীর ন্যায়।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

একজন মহিলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলল, তার এক সতীন আছে। সে তাকে তার স্বামী অমুক জিনিষ দিয়েছে, অমুক জিনিষ দিয়েছে ইত্যাদি বলতে পছন্দ করে, অথচ সে মিথ্যুক। কিন্তু তার উদ্দেশ্য হলো, তার সতীনকে ক্ষুব্ধ করা। এ বিষয়ে তার ওপর কোন গুনাহ আছে কি? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে জানান যে, যা তার কাছে নাই তা দ্বারা সাজ-সজ্জা অবলম্বন কারী, এ বিষয়ে বাড়াবাড়ি করল। সে অবশ্যই অন্যায়কারী ও মিথ্যাবাদী।

http://sunnah.global/hadeeth/bn/show/6983